

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি কলেজ-৬ শাখা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৩১.০০১.১৭.৬৮

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৪

০৪ ডিসেম্বর ২০১৭

বিষয়: চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলাধীন "হোগলডাংগা কলেজ (প্রস্তাবিত)"
স্থাপনের অনুমতি প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর এর সুপারিশ মোতাবেক চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলাধীন "হোগলডাংগা কলেজ (প্রস্তাবিত)" স্থাপনের অনুমতি প্রদানে নিম্নোক্ত শর্তে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তাবলী

- ক) কলেজ প্রতিষ্ঠার অনুমতি প্রাপ্তির ০৩(তিন) মাসের মধ্যে প্রয়োজনীয় পরিমাণ জমি ক্রয় এবং ০১(এক) বছরের মধ্যে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণসহ অন্যান্য প্রয়োজনীয় শিক্ষা উপকরণ সংগ্রহ করতে হবে;
- খ) কলেজ প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- গ) পাঠদানের অনুমতি চাওয়ার পূর্বেই অধ্যক্ষসহ প্রয়োজনীয় প্রশাসনিক জনবল নিয়োগ প্রদান করতে হবে;
- ঘ) কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে;
- ঙ) বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।



৪-১২-২০১৭

নাছিমা খানম
সিনিয়র সহকারী সচিব

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর।


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৩১.০০১.১৭.৬৮/১(৬)

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৪

০৪ ডিসেম্বর ২০১৭

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ২) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) পরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- ৪) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) প্রতিষ্ঠাতা, হোগলডাংগা কলেজ, দামুড়হুদা, চুয়াডাংগা।



৪-১২-২০১৭

নাছিমা খানম
সিনিয়র সহকারী সচিব